



নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,  
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়  
সেফটি শাখা  
সেনানিবাস সড়ক, তেরখাদিয়া, রাজপাড়া, রাজশাহী-৬২০২



“এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত ৩০তম সভার কার্যবিবরণী”

সভাপতি মোঃ আরিফুল ইসলাম  
উপমহাপরিদর্শক  
সভার তারিখ ০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রি:।  
সভার সময় সকাল ১০.০০ ঘটিকা।  
স্থান অত্র দপ্তরের সভা কক্ষ।  
উপস্থিতি পরিশিষ্ট ‘ক’।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় ও বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। এসডিজি ইন্ডিক্টর ৮.৮.১ (Frequency rates of fatal and non fatal occupational injuries by sex and migrant status) লিঙ্গ ও অভিবাসন অবস্থাভেদে পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	ঝুঁকিপূর্ণ কারখানা/প্রতিষ্ঠান চিহ্নিতকরণ	প্রতিটি টিমের নিজ নিজ কর্ম এলাকায় ঝুঁকিপূর্ণ কারখানা/প্রতিষ্ঠান চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা	১) আমেনা পেট, আমেনা সিল্ক ইন্ডাস্ট্রিজ ও বেলীফুল অভিজাত মিষ্টান্ন ভান্ডার, বিসিক শিল্প নগরী, সেনানিবাস, বোয়ালিয়া, রাজশাহী কারখানাগুলোর বৈদ্যুতিক ওয়্যারিং অত্যন্ত ঝুঁকিপূর্ণ। বেলীফুল অভিজাত মিষ্টান্ন ভান্ডার এর বিকল্প সিঁড়িটি এখনো তৈরি করা হয়নি। এই লংঘনসমূহ সংশোধন না করা পর্যন্ত কারখানাটির লাইসেন্স প্রদান করা যাবে না। লংঘনসমূহ সংশোধন করার জন্য কারখানা কর্তৃপক্ষ বরাবর সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণকে পত্র প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ২) তালিকা থেকে অগ্রাধিকার ভিত্তিতে ঝুঁকিপূর্ণ কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শন করে কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং প্রয়োজনে আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ
২	সচেতনতা বৃদ্ধি	লুজ ওয়্যারিং, কাঠের বোর্ড ও আর্থািং সিস্টেম ঠিক করার বিষয়ে আলোচনা হয়।	সকল টিমকে তাদের নিজ নিজ কর্ম এলাকায় অবস্থিত কারখানা/প্রতিষ্ঠান সমূহের লুজ ওয়্যারিং, কাঠের বোর্ড ও আর্থািং সিস্টেম ঠিক করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরিদর্শন করে কারখানা/প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ বরাবর নোটিশ প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ ও মালিকগণ
৩	উদ্বুদ্ধকরণ সভা	কারখানা/প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের নিয়ে উদ্বুদ্ধকরণ সভা বিষয়ে আলোচনা।	বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের নিয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে হবে।	সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ ও মালিকগণ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৫-১২-২০২৩

মোঃ আরিফুল ইসলাম

উপমহাপরিদর্শক

০৭২১-৭৬১৭৯৪

dig.mole.rajshahi@gmail.com

২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ:

০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.৮১০০.১০১.০৫.০০১.২০.৭২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সাধারণ অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
- ২। অফিস কপি।।



০৫-১২-২০২৩

মোঃ আরিফুল ইসলাম

উপমহাপরিদর্শক